প্রেস বিজ্ঞপ্তি

কাউন্সিলর ও পরিচ্ছন্নতা কর্মকর্তার ভুলবুঝাবুঝির অবসান ঘটালেন মেয়র

চট্টগ্রাম -১৪ মার্চ -২০১৯ ইংরেজী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন কাউন্সিলর মো. ইসমাইল বালি ও পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরীর মধ্যে ভুলবুঝাবুঝির অবসান ঘটিয়েছেন। তিনি আজ বৃহস্পতিবার দুপুরে নগর ভবনে মেয়র দপ্তরে কাউন্সিলর ইসমাইল বালি ও পরিচ্ছন্নতা কর্মকর্তা মোরশেদুলকে নিয়ে বৈঠকে বসেন। এসময় প্যানেল মেয়র কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসনী,কাউন্সিলর শৈবাল দাশ সুমন, এইচ এম সোহেল, হাসান মুরাদ বিপ্লব, মোহাম্মদ আজম, কফিল উদ্দীন খান, মো. জয়নাল আবেদীন, জোবায়ের আহমদ, সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, মোহাম্মদ সলিমুল্লাহ, মো. গিয়াস উদ্দীন সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আফরোজা কালাম, আবিদা আজাদ, আনজুমান আরা, ফারজানা পারভীন প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়া চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক কর্মচারী লীগ (সিবিএ) এর সভাপতি ফরিদ আহমদ, সিনিয়র সহ সভাপতি জাহিদুল আলম চৌধুরী, মো. ইয়াছিন, সহ সাধারন সম্পাদক রতন দত্ত ও উপস্থিত ছিলেন। বৈঠকে মেয়র বলেন কাউন্সিলর ইসমাইল ও পরিচ্ছন্নতা কর্মকর্তা মোরশেদুল আলম এর মধ্যে ভুলবুঝাবুঝির খবর শুনে আমি তা নিরসনের উদ্যোগ নিয়েছি। এ ধরনের ঘটনা অনাকাংখিত। আমি মনে করি কর্পোরেশনে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারি সেবক মেয়র কাউন্সিলর সহ আমরা একটি পরিবার। আমাদের মধ্যে সৌভ্রাতৃত্ব ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় থাকলে কর্পোরেশনের কাজ কর্ম গতিশীল থাকবে। তাই কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীদের নিজ দায়িত্ব পালনে সর্বদা সচেষ্ট থাকা লাগবে। তাহলেই নাগরিক সেবাগুলো সুনিশ্চিত করা সহজ হবে। তাই কোন কারণে নিজেদের মাঝে ভুলবুঝাবুঝি হলে আমাকে জানাবেন, প্রয়োজনে আলাপ-আলোচনা করে এর অবসান করবো। পরে মেয়র দুজনকে করমর্দনের মাধ্যমে সৃষ্ট সমস্যার অবসান ঘটান।

চট্টেশ্বরী সড়কের নাম বিভ্রান্তি নিয়ে মেয়রের সাথে সনাতনী নেতৃবৃন্দের মতবিনিময়

চট্টগ্রাম -১৪ মার্চ -২০১৯ ইংরেজী

ঐতিহ্যবাহী চট্টগ্রামে চট্টেশ্বরী সড়কের নাম পরিবর্তন বিভ্রান্তি নিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে চট্টগ্রামের সনাতনী সংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দের এক মতবিনিময় সভা আজ বৃহস্পতিবার দুপুরে চসিক কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। এসময় শ্রীশ্রী জন্মাষ্টমী উদযাপন পরিষদ বাংলাদেশ কেন্দ্রীয় কমিটির সাবেক সম্পাদক ও চট্টগ্রাম মহানগর পূজা কমিটির সভাপতি এড. চন্দন তালুকদার, সাধারণ সম্পাদক বিমল কান্তি দে, সাবেক সাধারণ সম্পাদক এড. তপন কান্তি দাশ, যুগ্ম সম্পাদক প্রকৌশলী আশুতোষ দাশ, লায়ন তপন কান্তি দাশ,সাধন চৌধুরী, চট্টগ্রাম দক্ষিণ জেলা সভাপতি বাবুন ঘোষ বাবুল, মহানগর সাধারণ সম্পাদক রত্নাকর দাশ টুনু, মহানগর পূজা কমিটির সম্পাদক শ্রীপ্রকাশ দাশ অসিত, সাবেক সাধারণ সম্পাদক সুজিত দাশ, বাগীশিক কেন্দ্রীয় সংসদ সাধারন সম্পাদক ডা. অঞ্জন কুমার দাশ, সনাতন চট্টগ্রাম বিভিাগের কো-অডিনেটর অশোক চক্রবর্তী, সনাতনী বিদ্যার্থী সংসদ এর সভাপতি এড.সরুপ পাল, সম্পাদক প্রকৌশলী অমিত ধর, বাগিশিক মহাগনর সাধারণ সম্পাদক প্রকৌ. সঞ্জয় চক্রবর্তী মানিক, শারদাঞ্জলী ফোরাম চট্টগ্রাম মহানগর সভাপতি মাষ্টার অজিত কুমার শীল, চট্টেশ্বরী কালী মন্দিরের সেবায়েত রাজেশ চক্রবর্তী, আশীষ চৌধুরী, রতন আচার্য্য, চন্দন পালিত, সৈকত দাশ, সান্তনু চৌধুরী সন্তু, সনজিত কুমার দাশ প্রমুখ উপস্থিত ছিলেন।

সাক্ষাতকালে মেয়র বলেন চট্টেশ্বরী সড়কের নাম নিয়ে যে বিভ্রান্তি সেটা আমি দায়িত্ব গ্রহণ করার পূর্ব থেকেই ছিল। কিন্তু এ বিষয়ে আমাকে কেউ অবগত করেনি। সম্প্রতি সময়ে মহানগর পূজা কমিটির সভাপতি আমাকে অবগত করার পর তাৎক্ষণিভাবে চসিকের পক্ষ থেকে সর্বসাধারনের অবগতির জন্য বিজ্ঞাপন প্রচার করি এবং নাম ফলক

পুনরায় স্থাপন করার উদ্যোগ গ্রহণ করি। কিন্তু অতীব দু:খের বিষয় ইতিমধ্যে চট্টেশ্বরী সড়কের নাম ফলক ও সাইনবোর্ডের নাম নিয়ে বিভিন্ন বিভ্রান্তি ও অপপ্রচার চালানো হচ্ছে। এই প্রসঙ্গে মেয়র বলেন আপনাদের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ আজকে এখানে উপস্থিত রয়েছেন আমি নিশ্চয়তা দিয়ে বলছি চট্টেশ্বরী সড়কের নাম পরিবর্তন হবে না । চট্টেশ্বরী সড়কের (কাজীর দেওরী থেকে চকবাজার) পূর্বে নির্ধারিত যে ৬টি নাম ফলক ছিল তা দ্রুত সময়ে ঐ নাম ফলক পুনঃস্থাপন করা হবে। এছাড়া চট্টেশ্বরী সড়কে যে সমস্ত প্রতিষ্ঠান সাইনবোর্ড জে.আই. মাদ্রাসার সড়ক নামে নাম করন আছে, তা পরিবর্তানের জন্য কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাকে তাৎক্ষণিভাবে নির্দেশ দেন মেয়র। তিনি বলেন আপনারা কোন প্রকার অপপ্রচারে বিভ্রান্ত হবেন ন। আপনারা কর্পোরেশনকে সহযোগিতা করবেন এটাই আমার প্রত্যাশা।

পিসি রোডের উন্নয়নকাজের
ঝটিকা পরিদর্শনে মেয়র

চট্টগ্রাম -১৪ মার্চ -২০১৯ ইংরেজী
গতকাল রাতে নগরীর পোর্ট কানেকটিং রোড়ে চলমান উন্নয়ন কাজের অগ্রগতি দেখতে ঝটিকা পরিদর্শন করলেন সিটি মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন। জাইকার অর্থায়নে ১শত কোটি টাকা ব্যয়ে পোর্ট নিমতলা পোর্ট কানেকটিং থেকে নয়া বাজার পর্যন্ত রাস্তার উন্নয়ন কাজ চলছে। পরিদর্শনকালে চসিক অতিরিক্ত প্রধান প্রকৌশলী মোহাম্মদ রফিকুল ইসলাম,নিবার্হী প্রকৌশলী আবু সাদাত মোহাম্মদ তৈয়ব, রাজনীতিক হাজী বেলাল আহমদ,মোহাম্মদ মনসুর ঠিকাদারী প্রতিষ্ঠান রানা ব্রাদার্সের প্রতিনিধি জাকির হোসনসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। মেয়র নিমতলা পোর্ট কানেকটিং রোড থেকে বড়পুল, বড়পুল থেকে নয়াবাজার পর্যন্ত রাস্তার দু"পাশে নির্মিতব্য ২ মিটার প্রশস্থ আরসিসি ড্রেন ও ফুটপাত নির্মান কাজ সরেজমিনে প্রত্যক্ষ করেন। জাইকার এই প্রকল্পে আরো রয়েছে রাস্তার মাঝখানে সাড়ে ৩ ফুট প্রশস্থ বিশিষ্ঠ মিডিয়ান নিমার্ণ ও এলইডি আলোকায়ন ব্যবস্থা। ছয় লেইনের ১২০ ফুট প্রশস্ত বিশিষ্ঠ পোর্ট কানেকটিং রোডের মোট দৈর্ঘ্য ২ কি:মিটার। জাইকার অর্থায়নে এই উন্নয়ন প্রকল্পের কাজ গত জানুয়ারী-২০১৮ ইংরেজী থেকে শুরু হয় ১৯শে মে-২০১৯ সালে এই প্রকল্প সমূহের কাজ শেষ হবার দিন ধার্য আছে। স্থানীয়দের সাথে আলাপকালে সিটি মেয়র বলেন চট্টগ্রাম বন্দরের পণ্য পরিবহনে নিমতলা পোর্ট কানেকটিং রোড এবং আগ্রাবাদ এক্সেস রোড গুরুত্বপূর্ণ। এই সড়ক দিয়েই বন্দর থেকে পণ্য বা কন্টেইনার বাহী পরিবহন ঢাকাসহ দেশের নানাপ্রান্তে যাতায়াত করে। সড়ক উন্নয়ন কাজের জন্য বন্দরের পণ্য পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্টদেরকে দুর্ভোগ এবং হয়রানি পোহাতে হচ্ছে,তজ্জন্য মেয়র দুঃখ প্রকাশ করেন। ছয় লেন বিশিষ্ট পোর্ট কানেকটিং রোড এবং আগ্রাবাদ এক্সেস রোড উন্নয়ন কাজ বাস্তবায়িত হলে বন্দরের পণ্য পরিবহনে গতিশীলতা ফিরে আসবে। তিনি উন্নয়ন কাজ চলাকালীন সময়ে সবমহলের সহযোগিতা কামনা করেন। এই প্রসংগে মেয়র বলেন নগরবাসীর সহযোগিতা ব্যতিত নগর উন্নয়ন সম্ভব নয়। কাজের গুণগত মান অক্ষুন রাখার উপর সংশ্লিষ্ঠদের সতর্ক দৃষ্টি রাখার নির্দেশ দিয়ে মেয়র বলেন নির্দিষ্ঠ সময়ের মধ্যে এই রোড়ের কাজ সম্পন্ন করতে হবে। এতে কোনো প্রকার আপোষ রফা হবে না।

সিটি মেয়রের সাথে বাংলাদেশ আওয়ামী
মৎস্যজীবী লীগ নেতৃবৃন্দের সাক্ষাত

চট্টগ্রাম -১৪ মার্চ -২০১৯ ইংরেজী

বাংলাদেশ আওয়ামী মৎস্যজীবী লীগ কেন্দ্রীয় কমিটি কর্তৃক অনুমোদিত চট্টগ্রাম মহানগর আওয়ামী মৎস্যজীবী লীগের নব কমিটির নেতৃবৃন্দ গতকাল বুধবার বিকলে নগরভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের সাথে সাক্ষাত করেন। এসময় কমিটির সভাপতি মো. মোজাম্মেল হক চৌধুরী, সহ সভাপতি হাজী সেলিম রহমান, কামরুল হুদা চৌধুরী, তৌহিদুর হোসাইন, সাধারন সম্পাদক জাফর আহমেদ চৌধুরী, যুগ্ম সাধারন সম্পাদক শাহেদ হায়দার খাঁন, গোলাম মোস্তফা, সাংগঠনিক সম্পাদক শাহেদ সুমন সিদ্দিকী, হাজী জয়নাল আবেদীন, হাজী মো. হাসান, দপ্তর সম্পাদক জসিম উদ্দীন, ত্রান ও পূনর্বাসন বিষয়ক সম্পাদক মো. আকতারুজ্জামান, সমাজ কল্যান বিষয়ক সম্পাদক মো. মফিদুল ইসলাম স্বপন, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সঞ্জিত কুমার দাশ ও সহ বন ও পরিবেশ সম্পাদক শান্তনু চৌধুরী উপস্থিত

ছিলেন। এ সময় নেতৃবৃন্দ সাংগঠনিক কর্মকান্ডে মেয়রের সহযোগিতা কামনা করেন। সিটি মেয়র সংগঠনের ভাবমুর্তি উজ্জ্বলে নব নির্বাচিত কর্মকর্তাদের সংগঠনের জন্য নিবেদিতভাবে কাজ করার পরামর্শ দেন। মেয়র এই সংগঠনের সহযোগিতায় মৎস্য বান্ধব জননেত্রী শেখ হাসিনার সরকারের আগামী ভিশন বাস্তবায়নে সকলকে একযোগে কাজ করার আহবান জানান। এসময় নব নির্বাচিত নেতৃবৃন্দকে মেয়র ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান

আইটির জন্য চসিক ভুমি দেয়ায় সিটি মেয়রকে অভিনন্দন : সম্প্রতি শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার এর জন্য চসিক এর ভুমি বরাদ্ধ দেয়ায় অনলাইন ভিত্তিক আওয়ামী সংগঠন এম ফোর্স এর পক্ষ থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনকে অভিনন্দন জানিয়েছেন। আজ বুধবার বিকেলে নগর ভবনে সংগঠনের নেতৃবৃন্দ মেয়রকে ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট উপহার দেন। এসময় সংগঠনের প্রতিষ্ঠা এডমিন ইয়াসির আরাফাত চৌধুরী মেন্টর আহমেদ হাসনাইন, সিনিয়র এডমিন মাইনুল ইসলাম ডিউক, সদস্য সেলিমনা, কাউছার, সবুজ, এস এম জয়নাল আবেদীন, ফাহিম, হিমু, সাদি, রাজিব প্রমুখ উপস্থিত ছিলেন। সাক্ষাতকালে নেতৃবৃন্দ মেয়রের যুযোপযোগী সিদ্ধান্তে প্রশংসা করেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন